গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বানিয়াচং, হবিগঞ্জ।
www.baniachong.habiganj.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৩৬১১.০০০.০১.০২৮.২০২০-৬১৬

তারিখ : ১৫/০৭/২০২১ খ্রি.

## আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২১ খ্রি. উপলক্ষে বানিয়াচং উপজেলায় অস্থায়ী পশুর হাট স্থাপনের নিমিত্ত প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে পবিত্র ঈদ-উল-আযহা/২০২১খ্রি. উপলক্ষে নিম্নবর্ণিত ছক ও শর্তমোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানোর লক্ষ্যে প্রকাশ্য নিলাম প্রক্রিয়ায় যৌক্তিক ও গ্রহণযোগ্য দরে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে। উক্ত প্রকাশ্য নিলাম ডাকে আগ্রহীগণকে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| সিডিউল ফরম/নিলামেঅংশগ্রহণের আবেদন ফরম বিক্রয়ের তারিখ, সময় ও স্থান | সিডিউল ফরম/নিলামে অংশগ্রহণের আবেদন ফরম জমা প্রদানের তারিখ, সময় ও স্থান | প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠানের তারিখ সময় ও স্থান | মন্তব্য |
|---|---|---|---|
| ১৮/০৭/২০২১ খ্রি. রবিবার সকাল-১১:০০ টা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত। স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বানিয়াচং, হবিগঞ্জ। | ১৮/০৭/২০২১ খ্রি. রবিবার বেলা-১২:০০ ঘটিকা । স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বানিয়াচং, হবিগঞ্জ। | ১৮/০৭/২০২১ খ্রি. রবিবার বেলা-০১:০০ ঘটিকা । স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বানিয়াচং, হবিগঞ্জ। | |

**নিলামযোগ্য অস্থায়ী পশুর হাটের তালিকা:**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাটের/স্থানের নাম |
|---|---|---|
| ০১ | ০৫নং দৌলতপুর | দৌলতপুর প্রকাশিত ছক বাজার সংলগ্ন মাঠ |
| ০২ | ১২নং সুজাতপুর | ইকরাম কড়ই গাছ তলা বাজার |
| ০৩ | ১৫নং পৈলারকান্দি | কুমড়ী দুর্গাপুর বাজার |
| ০৪ | ০৭নং বড়ইউড়ি | কালাইনজুরা বাজার |
| ০৫ | ১০নং সুবিদপুর | কালারডুবা বাজার |
| ০৬ | ০৯নং পুকড়া ইউনিয়ন | আলীগঞ্জ বাজার সংলগ্ন মাঠ |
| ০৭ | ১২নং সুজাতপুর ইউনিয়ন | |

**শর্তাবলী**

১। আগ্রহী নিলাম ডাকে অংশগ্রহণকারীকে নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বে আবেদন ফরম ৫০০ (পাঁচশত) টাকা মূল্যের (অফেরযোগ্য) নিলামে অংশগ্রহণের আবেদন ফরম ক্রয় করে ফরম পূরণ করত: নির্ধারিত সময়ের পূর্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে।

২। নির্ধারিত তারিখ ও সময় ব্যতিরেকে নিলাম অংশগ্রহণের আবেদনফরম বিক্রয় করা হবে না। এক বাজারের জন্য ক্রয়কৃত সিডিউল ফরম অন্য বাজারের জন্য ব্যবহার করা যাবে না।

৩। নিলাম ডাকে আগ্রহীকণকে নিলাম ডাক অনুষ্ঠানে অংশগ্রহণের পূর্বে জামানত হিসেবে প্রতিটি আবেদনে নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা (ফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারী বরাবর জমা প্রদান করতে।

৪। সর্বোচ্চ নিলাম ডাককারীকে ডাকের সমুদয় অর্থ নিলাম ডাকের দিনই পরিশোধ করতে হবে এবং উদ্বৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট ও ৫% আয়কর হিসেবে নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।

৫। অনুমোদিত/সর্বোচ্চ নিলাম ডাককারী কোন কারনে বাজার নিতে অপারগ হলে কিংবা নির্ধারিত সময়ে অবশিস্ট অর্থ, ভ্যাট, আয়কর জমা না দিলে তার নিলাম ডাক বাতির এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্তক্রমে বিধিমতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। কোন নিলাম ডাককারী একাধিক বাজারের নিলাম ডাকে অংশগ্রহণ করতে চাহিলে প্রতিটি বাজারের জন্য পৃথক সিডিউল এবং জামানত প্রদান করতে হবে।

৭। হাট বসানোর জন্য অনুমতি প্রদানের পর হতে ঈদের দিন পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসাবে যাবে।

৮। অনুমোদিত ইজারাদারকে অনুমোদিত টোল হার অনুযায়ী পাকা রশিদের মাধ্যমে টোল আদায় করতে হবে।

৯। সড়কের উপর হাট বসিয়ে কোন ভাবেই রাস্তা বন্ধ করা বা চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।

১০। ইজারাদারকে নিজ উদ্যোগে পশুরহাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং ঈদের পর পরই ব্যবহৃত মালামাল অপসারণ করতে হবে এবং আইন-শৃঙ্খলা অবনতিজনিত কোন ঘটনা ঘটলে সংশ্লিষ্ট ব্যক্তি দায়ী থাকবেন।

১১। অস্থায়ী পশুর হাট নির্ধারিত সীমানার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। কোন ক্রমেই হাটের সীমানা সম্প্রসারণ করা যাবে না।

১২। সরকার অনুমোদিত হারে টোল আদায় করতে হবে। সরকারি হারের অতিরিক্ত টোল আদায় করা যাবে না।

১৩। পাকা রশিদ ব্যতীত কোনক্রমেই টোল আদায় করা যাবে না।

১৪। ভিড় এড়াতে মূল্য পরিশোধ ও হাসিল আদায় কাউন্টারের সংখ্যা বাড়াতে হবে।

Scanned with CamScanner

১৫। ইজারাগ্রহীতাকে দৃশ্যমান একাধিক স্থানে সর্বসাধারণের অবগতির জন্য টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

১৬। হাট-বাজার ও সংলগ্ন এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং ব্লিচিং পাউডার-জীবাণুনাশক স্প্রে করতে হবে।

১৭। হাটে একমুখী চলাচলা থাকতে হবে অর্থাৎ বাজারের প্রবেশ পথ ও বহির্গমনের পথ পৃথক হতে হবে।

১৮। একটি পশু থেকে আরেকটি পশুর দুরত্ব এমনভাবে রাখতে হবে যেন ক্রেতাগণ কমপক্ষে (তিন) ফুট বা ২ (দুই) হাত দুরত্ব বজায় রেখে পশু ক্রয় করতে পারে।

১৯। হাটের প্রবেশপথে 'মাস্ক ব্যতিত হাটে প্রবেশ নিষেধ' এবং ঘড় গধংশ ঘড় উহঃৎু, ঘড় গধংশ ঘড় ঝধষব' ' এ রেখাটি ব্যানারে লিখে প্রয়োজনীয় সংখ্যক স্থানে সাটানোর ব্যবস্থা করতে হবে। এছাড়া কোন ব্যক্তিকেই মাস্ক ছাড়া হাটে প্রবেশ করতে দেওয়া যাবে না।

২০। জাতীয়/আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন হাট-বাজার বসানো যাবে না।

২১। পশুর হাটকে কেন্দ্র করে কোন প্রকার অস্থায়ী চা ও পান-সিগারেটের দোকান বসতে দেওয়া যাবে না।

২২। সকল পশুর হাটে পশুর সুস্থ্যতা যাচাই করার জন্য ভেটেরিনারী চিকিৎসক এর অবস্থান নিশ্চিত করতে হবে।

২৩। কোরবানির পশুর হাটে জাল টাকা সনাক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২৪। ইজারা গ্রহিতাকে অবশ্যই স্বাস্থ্য বিধি মেনে পশুর হাট পরিচালনা করতে হবে।

২৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন আবেদন গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫/০৭/২০২১

মাসুদ রানা
উপজেলা নির্বাহী অফিসার
বানিয়াচং, হবিগঞ্জ।
ফোন : ০৮৩২৫৬০০৩, ফ্যাক্স : ০৮৩২৫৬০৯৫

তারিখ : ১৫/০৭/২০২১খ্রিস্টাব্দ।

স্মারক নং-০৫.৪৬.৩৬১১.০০০.০১.০২৮.২০২১.৫৮৭/১(৭০),

**অনুলিপি সদয় অবগতির জন্য ( জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) :**

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, সিলেট।

০৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।

০৪। উপ-পরিচালক (উপ সচিব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

**অনুলিপি: অবগতি ও বহুল প্রচারের অনুরোধ সমেত/কার্যার্থে প্রেরণ করা হলো ( জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)।**

০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

০৭। সহকারী কমিশনার (ভূমি), বানিয়াচং, হবিগঞ্জ।

০৮। উপজেলা প্রকৌশলী, বানিয়াচং/উপজেলা........................................অফিসার, বানিয়াচং/সদস্য, উপজেলা হাট বাজার দরপত্র মূল্যায়ন কমিটি, বানিয়াচং, হবিগঞ্জ (তাঁকে নিলাম ডাকের নির্ধারিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।

০৯। অফিসার ইনচার্জ, বানিয়াচং, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।

১০। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বানিয়াচং শাখা, বানিয়াচং, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।

১১। সভাপতি/সাধারণ সম্পাদক, বানিয়াচং প্রেস ক্লাব (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।

১৩। চেয়ারম্যান........................................ ইউ/পি (সকল), বানিয়াচং, হবিগঞ্জ (তাঁকে উক্ত বিজ্ঞপ্তিটি গ্রাম পুলিশের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা........................................ ইউনিয়ন ভূমি অফিস (সকল), বানিয়াচং, হবিগঞ্জ (তাঁকে উক্ত বিজ্ঞপ্তিটি মাইকিংসহ স্থানীয় হাট বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৫। সভাপতি/সাধারণ সম্পাদক........................................ বাজার ব্যবসায়ী সমিতি (সকল), বানিয়াচং, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৬। ইজারাদার........................................................ বাজার (সকল), বানিয়াচং, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৭। নোটিশ বোর্ড/অফিস কপি/ওয়েব সাইট কপি।

১৫/০৭/২০২১

মাসুদ রানা
উপজেলা নির্বাহী অফিসার
বানিয়াচং, হবিগঞ্জ।
ফোন : ০৮৩২৫৬০০৩, ফ্যাক্স : ০৮৩২৫৬০৯৫

Scanned with CamScanner